## খোন্দকার মুনিরুল ইসলাম,জেলা সমবায় অফিসার, নওগাঁ কর্তৃক আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন।

---

সমিতির আইডি নম্বর-৪০৩০৭০২১৩।

১। সমিতির নাম ঃ আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ ।

২। সমিতির ঠিকানা ঃগ্রামঃ ভান্ডারপুর, পোঃ ভান্ডারপুর, উপজেলাঃ বদলগাছী, জেলাঃ নওগাঁ।

৩। সমিতির নিবন্ধন নং ও তারিখ ঃ নিবন্ধন নং- ২৩৯.তারিখঃ ১৮/০৫/২০১১খ্রিঃ, সংশোধিত নিবন্ধন নং-৩০, তারিখঃ ০৭/০৫/২০১৩খ্রি.।

৪। অনুমোদিত শেয়ার মূলধনের পরিমান ঃ অনুমোদিত শেয়ার মূলধন ১০০০০০০০/-টাকা। শেয়ার সংখ্যা ১০০০০০টি, প্রতিটি শেয়ার মূল্য ১০০/-টাকা।

৫। সমিতির কর্ম এলাকা ঃ সমগ্র নওগাঁ জেলা ব্যাপী।

৬। সমিতি পরিদর্শনের তারিখ ঃ ০৫/০১ /২০২৩ ইং

৭। বর্তমান সদস্য সংখ্যা ঃ ১২২০ জন

৮। **উপ-আইন** ঃ পরিদর্শনকালে সমিতির অফিসে নিবন্ধিত উপ-আইন সংরক্ষিত পাওয়া গেল। তবে নিবন্ধক কর্তৃক অনুমোদিত উপ-আইন, ধারা ১৩(২) এর বিধান মোতাবেক উহা ছাপিয়ে সদস্যদেরকে প্রদান করা হয় নাই।

পরামর্শঃ ০১ উপ-আইনে বর্ণিত উদ্দেশ্য সমূহ বাস্তবায়নের জন্য পরামর্শ দেয়া হলো।

০২ নিবদ্ধিত উপ-আইন অনুযায়ী সমিতির সকল কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শ প্রদান করা হলো।

৯। **সমিতির সদস্য সংখ্যা ঃ** নিবন্ধনকালে সমিতির সদস্য সংখ্যা ছিল ২৫জন। পরিদর্শনকালে অত্র সমিতির সদস্য সংখ্যা ১২২০ জন। সমিতির সকল সদস্য ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যের আবেদন রয়েছে, সদস্য পদ প্রত্যাহারের ক্ষেত্রে কিছু সদস্যদের আবেদন নাই। সদস্য ভর্তি ও বাতিলের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত রয়েছে এবং সদস্যপদ বাতিলের আবেদন রয়েছে।

পরামর্শঃ০১ সদস্য ভর্তি ও বাতিলের ক্ষেত্রে নিয়মিতভাবে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গ্রহনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

০২ সভ্য রেজিষ্টার হালনাগাদ প্রয়োজনীয় তথ্যসহ সঠিকভাবে সংরক্ষন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৩। কর্ম এলাকার মধ্যে সদস্য ভতি সীমাবদ্ধ রাখতে হবে, কর্ম এলাকার বাহিরে সদস্য ভর্তি সমবায় সমিতি আইন, ২০০১ এর আইনের সুস্পট লংঘন।

১০। **সমিতির শেয়ার মূলধন** ঃ নিবন্ধিত উপ-আইন মোতাবেক সমিতির অনুমোদিত শেয়ার মূলনের পরিমান ১০০০০০০০/-টাকা। উক্ত শেয়ার ১০০০০০ টি অংশে বিভক্ত এবং প্রতিটি শেয়ার মূল্য ১০০/-টাকা। পরিদর্শনের তারিখে আদায়কৃত শেয়ার মূলধনের পরিমান ১৪৭৪১০০/-টাকা। সমিতির সকল সদস্যগনকে শেয়ার সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

পরামর্শ ঃ ০১। নিয়মিত ভাবে শেয়ার আদায় করার জন্য ও সদস্যদের শেয়ার ফেরৎ প্রদান না করে হস্তান্তর করার জন্য পরামর্শ প্রদান করা হলো ।

০২। সকল সদস্যকে শেয়ার সার্টিফিকেট প্রদান করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৩। অনুমোদিত শেয়ার মূলধনের সবটুকু বিক্রয়ের ব্যবস্থা করতে পরামর্শ প্রদান করা হলো ।নিয়মিতভাবেশেয়ার বিক্রয় করা হয়।

১১। **সঞ্চয় আমানত** ঃ পরিদর্শনকালে বিভিন্ন ধরনের সঞ্চয় আমানত আদায় করেছে মর্মে দেখা যায়। আদায়কৃত সঞ্চয় আমানত সমুহঃ

ক। মাসিক সঞ্চয় আমানত স্থিতি ৫৫৭৪৫/-টাকা ও অন্যান্য সঞ্চয় ৪৯৯৬৫৬৫/-টাকা।

পরামর্শঃ ০১। সমিতির সকল সদস্যকে পাশবহি প্রদান করার পরামর্শ প্রদান করা হলো ।

০২ সকল রেজিষ্টার হালনাগাদ লিপিবদ্ধ ও সংক্ষণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৩। বিধি মোতাবেক সর্মিতির নিবন্ধক এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতির যৌথ স্বাক্ষরে সিডিউল ব্যাংকে রিজার্ভ ফান্ড রাখা হচ্ছে না। জরুরী ভিত্তিত্বে বিধি মোতাবেক রিজার্ভ ফান্ড রাখার জন্য পরামর্শ প্রদান করা হলো।

১২। **মাসিক সভা ঃ** পরিদর্শনকালে দেখা যায় যে, ব্যবস্থাপনা কমিটির জুলাই,২২ হতে পরিদর্শন মাস পর্যন্ত (ডিসেম্বর,২২) মোট ০৬ টি সভা করেছে।

পরামর্শ ঃ ০১। নিয়মিত মাসিক সভা করার জন্য এবং সভায় নকল সিদ্ধান্ত গ্রহনের জন্য সমিতির কর্তৃপক্ষকে পরামর্শ দেয়া হলো।

০২। মাসিক সভায় গৃহীত সকল সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য পরামর্শ দেয়া হলো ।

১৩। **নির্বাচন ঃ** সমিতির সর্বশেষ নির্বাচন বিগত ৩০/০৭/২০২১খ্রিঃ তারিখে বিশেষ সাধারণ সভায় অনুষ্ঠিত হয়েছে এবং নবনির্বাচিত কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয় ০৪/০৮/২০২১খ্রিঃ তারিখে। পরবর্তী নির্বাচন নির্ধারিত সময়ের মধ্যে বিধি মোতাবেক অনুষ্ঠানের জন্য সমিতি কর্তৃপক্ষকে পরামর্শ দেয়া হলো।

**বর্তমান ব্যবস্থাপনা কমিটি ঃ**

| ক্রমিক নং | নাম | পদবী | নির্বাচনের তারিখ | দায়িত্ব গ্রহনের তারিখ | মেয়াদ উত্তীর্নের তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | মোঃ রুহুল আলম | সভাপতি | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২৪ |
| ২ | মোঃ সেকেন্দার আলী | সহ-সভাপতি | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২৪ |
| ৩ | মোঃ আহসান হাবিব | সম্পাদক | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২৪ |
| ৪ | মোঃ এনামুল হক | সদস্য | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২৪ |
| ৫ | মোছাঃ সুলতানা মাহমুদ | সদস্য | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২৪ |
| ৬ | মোছাঃ রওশন আরা | সদস্য | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২১ | ৩০/০৭/২০২৪ |

১৪। **বার্ষিক সাধারণ সভা:** পরিদর্শন কালে দেখা যায়, অত্র সমিতির সর্বশেষ বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হয় ২৩/১২/২০২২ খ্রিঃ তারিখে। উক্ত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্য সংখ্যা ছিল ২২৬ জন। কোরাম সংখ্যক সদস্য উপস্থিত ছিল। বার্ষিক সাধারণ সভায় সমিতির বাজেট, অডিটনোটসহ সমিতির যাবতীয় কার্যক্রম অনুমোদনসহ নানাবিধ গুরুত্বপূর্ন সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

পরামর্শঃ ০১। পরবর্তীতে নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের জন্য সমিতি কর্তৃপক্ষকে পরামর্শ দেয়া হলো।

০২। বিস্তারিক আলোচনান্তে গুরুত্বপূর্ন ও বড় বড় সিদ্ধান্ত গ্রহনের জন্য সমিতি কর্তৃপক্ষকে পরামর্শ দেয়া হলো।

০৩। সদস্য ও মাঠ কর্মীদের অনুপ্রানিত করার জন্য বার্ষিক সাধারণ সভায় পুরস্কারের আয়োজন করতে হবে।

১৫। **সমিতির অডিট ঃ** পরিদর্শন কালে দেখা যায়, অত্র সমিতির ২০২১-২০২২ সনের অডিট জনাব মোঃ সুলতান আলম, উপজেলা সমবায় অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট কর্তৃক বিগত বছরের অডিট সম্পাদন করা হয়েছে এবং অডিট নোটের সংশোধণী প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জেলা সমবায় অফিসার,নওগাঁ বরাবরে দাখিল করা হয়েছে।

পরামর্শঃ ০১। কোন শাখা অফিস থাকলে তা এখনই বন্ধ করার জন্য পরামর্শ দেয়া হলো। শাখা অফিস নাই।

০২। কর্ম এলাকার বাহিরে কার্যক্রম না করার বিষয়ে পরামর্শ দেয়া হলো।

০৩। সদস্যের বাহিরে ঋণ কার্যক্রম না বিষয়ে পরামর্শ দেয়া হলো।

১৬। **ক্যাশ বহি ঃ** পরিদর্শন কালে দেখা যায় , অত্র সমিতির ক্যাশ বহি হালনাগাদ লিপিবদ্ধ রয়েছে। রেজিষ্টার, রেজুলেশন বহি ও ঋণ রেজিষ্টার, বেতন বহি,কর্মকতা-কর্মচারীর হাজিরা বহি, নোটিশ বহি রয়েছে। সকল রেকর্ড-পত্র নিয়মিতভাবে সংরক্ষন করা জন্য বলা হলো।

১৭। ঋন কার্যক্রম: সমিতির ঋণ কার্যক্রম রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে,০৪/০১/২০২৩ পর্যন্ত ঋণের তথ্য নিম্নরুপঃ

ক) প্রতিবেদনাধীণ তারিখ পর্যন্ত সমিতির সদস্যদের মাঝে ঋণ বিতরন করা হয় ৩৫৩৫৫৮৬৪১/- টাকা এবং ঋণ আদায় করা হয় ৩২৭৮৪১১৫৮/-টাকা। সদস্যদের মধ্যে ঋণ পাওনা ২৫৭১৭৪৮৩/=টাকা।

১৮। **হস্ত মজুদ তহবিল ঃ** পরিদর্শন কালে দেখা যায়, ০৫/০১/২০২৩খ্রিঃ তারিখে অত্র সমিতির হস্ত মজুদ তহবিলের পরিমান ৮০৬৯/- টাকা। অবিলম্বে হস্তমজুদ তহবিলের টাকা সমিতির নামীয় ব্যাংক হিসাবে জমা রাখার জন্য বলা হলো।

পরামর্শঃ ০১। বিরাট অংকের হস্তমজুত কোনভাবেই গ্রহনযোগ্য নহে, আর্থিক রিতীনীতি পরিপন্থি ।

০২। হস্ত মজুদ তহবিলের টাকা বিমার আওতায় নেয়ার বিষয়ে জরুরী বিত্তিত্বে ব্যবস্থা গ্রহনের পরামর্শ দেয়া হলো।

১৯। **অফিস ঘর ঃ** সমিতির নিস্ব অফিস ভবন নেই। ভাড়া বাড়ীতে সমিতির কার্যালয় স্থাপন করে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। যার মাসিক ভাড়া ৪০০০/-টাকা। অফিসের পরিবেশ ভালো।

পরামর্শ ঃ ০১। কর্মকর্তাদের পৃথক রুমে বসার ব্যবস্থা করা যেতে পারে।

০২। সভা করার জন্য পৃথক একটি সভা কক্ষের ব্যবস্থা করা যেতে পারে।

০৩। মোটর সাইকেল ও বাইসাইকেলের গ্যারেজটি অধিকতর নিরাপদ এবং সুন্দর করা যেতে পারে।

২০। **সমিতির আয়/ব্যয়** ঃ পরিদর্শনকালে দেখা যায় যে, সমিতির আয়/ব্যয়ের হিসাব খাতায় লিপিবদ্ধ করা হয়েছে। সমিতির আয়/ব্যয়ের বাজেট সমিতির বার্ষিক সাধারন সভায় অনুমোদন হয়েছে। আয়/ব্যয়ের হিসাব কৃচ্ছতা সাধন নিশ্চিত করনের লক্ষে বাষিক সাধারন সভায় খাতওয়ারী বাজেট প্রনয়ন পূর্বক তা অনুমোদন হয়েছে। বাজেট বহির্ভূত কোন খরচ না করার জন্য এবং খরচের ভাউচার সমূহ সভাপতি/সম্পাদক কর্তৃক যৌথ স্বাক্ষরে সংরক্ষন ও অনুমোদনের জন্য এবং প্রতি মাসে খরচের ভাউচার মাসিক সভায় অনুমোদন নেয়ার জন্য বলা হলো।

পরামর্শ ঃ ০১। সমিতির তহবিল ব্যয়ের বিষয়ে সমবায় সমিতি আইন,২০০১ ও (সংশোধীত,২০০২ ও ২০১৩) এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪ যথাযথভাবে প্রতিপালন করতে পরামর্শ দেয়া হলো।

০২। সমিতির তহবিল ব্যয়ের বিষয়ে সরকারী ক্রয় নীতিমালা (পিপিআর,২০০৮) এর সংশ্লিষ্ট বিধি যথাযথভাবে প্রতিপালন করার জন্য পরামর্শ দেয়া হলো।

**২১। ব্যাংক হিসাব সংক্রান্ত ঃ** সোনালী ব্যাংক লিঃ, ভান্ডারপুর শাখা, বদলগাছী সমিতির নামে হিসাব খোলা রয়েছে। যাহার নম্বর-৪৮০৫০০৪০০০১৩৪। এবং ফাষ্ট সিকিউরিটি ইসলামী (এফএসআইবি) ব্যাংক,বদলগাছী শাখায় সমিতির নামে হিসাব খোলা রয়েছে। যার নম্বর ০২৮৪১৩১০০০০০০৬৫। উক্ত হিসাবে সমিতি সকল লেন-দেন করে।

পরামর্শ ঃ ০১। ব্যাংক হিসাবের মাধ্যমে সমিতির সকল আর্থিক লেন-দেন পরিচালনা করার জন্য বলা হলো।

০২। সমিতির নামে এফডিআর বৃদ্ধির মাধ্যমে সদস্যদের আমানতের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

২২। **তারল্য সংরক্ষণ ঃ** সমিতির শেয়ারের ২০% টাকা,সকল সঞ্চয়ের ২৫% টাকা সমবায় সমিতি বিধিমালা-০৪ খ্রিঃ এর ৬৭ বিধি মোতাবেক তারল্য পৃথকভাবে তফসীলী ব্যাংকে জমা রাখা উচিত ছিল যা করা হয় নাই। এতে বিধি ৬৭ লংঘিত হয়েছে।

**২৩। আমানত সুরক্ষা তহবিল ঃ** সমিতি সদস্যদের নিকট হতে ১৬০৫৯৬০০/- টাকা তদপ্রেক্ষিতে বিভিন্ন সঞ্চয় আমানত গ্রহন করলেও সমবায় সমিতি আইন ২০০১(সংশোধীত/২০০২ ও ২০১৩) এর ধারা ২৬ খ নির্দেশিত আমানত সুরক্ষা তহবিল সৃষ্টি করা হয় নাই। আমানত সুরক্ষা তহবিল হিসাবে সভাপতি এবং জেলা সমবায় অফিসার এর যৌথ স্বাক্ষরে তফসীলী ব্যাংকে নির্ধারিত পরিমান অর্থ এফডিআর করে রাখতে হবে, যা করা হয় নাই। এতে আইনের ধারা ২৬খ লংঘিত হয়েছে। এ বাবদ ৫০০০০০/-টাকা এফএসআইবি ব্যাংকে এফডিআর করে রাখা হয়েছে।

পরামর্শঃ ০১। ৭ দিনের মধ্যে আমানত সুরক্ষা তহবিল জমা রাখতে বলা হলো।

২৪। সমিতির বাজেট ঃ ২৩/১২/২০২২খ্রিঃ তারিখে সমিতির বার্ষিক সাধারণ সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট অনুমোদিত হয়েছে দেখা গেল। পরবর্তীতে নির্দ্ধারিত সময়ের মধ্যে বাজেট অনুমোদন করার জন্য বলা হলো।

**২৫। সম্পদঃ** সমিতির অফিস ঘরে টেবিল, চেয়ার, আলমারী, ফ্যান, যানবাহন ইত্যাদি আসবাবপত্র রয়েছে যার মূল্য ১৪৬৬০৫/-টাকা।

**২৬। কর্মকর্তা / কর্মচারী ঃ** সমিতিতে ০৭ জন কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। কর্মকর্তা/কর্মচারী নিয়োগ/চাকুরি বিধিমালা গত বার্ষিক সাধারণ সভায় অনুমোদন করা হয়েছে। চাকুরি বিধিমালা অনুমোদন করে নেয়ার জন্য বলা হলো।

**২৭। প্রকল্প /উৎপাদনমুখী কার্যক্রম ঃ** সমিতির নিজস্ব অর্থায়নে কোন প্রকল্প নেই।
পরামর্শ ঃ শিক্ষা প্রকল্প, কর্মমুখী শিক্ষা প্রকল্প,চিকিৎসা প্রকল্প,সুপার-শপ প্রকল্প,পরিবহন প্রকল্প ,আবাসন প্রকল্প ইত্যাদি প্রকল্প ব্াস্তবায়ন করে সমিতির কর্মকান্ড শুধুমাত্র ক্ষুদ্র ঋণ নির্ভর না রেখে উৎপাদনমুখী করার মাধ্যমে গ্রামকে শহরে পরিনত করুন। ভিশন,২০২১ এবং ২০৪১ বাস্তবায়নে গুরুত্বপূর্ন ভুমিকা রাখুন।

২৮। স্থায়ী সম্পদ ঃ সমিতির নামে স্থায়ী সম্পদ দেখা গেল না।

সমাপনী মন্তব্য ঃ

০১। নিবন্ধিত কর্ম এলাকার মধ্যে সমিতির কার্যক্রম সিমিত রাখতে হবে।
০২। সমিতির সদস্যদের মধ্যে ঋণ কার্যক্রম সিমিত রাখতে হবে।
০৩। সমিতির সদস্যদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের প্রতি বেশী গুরুত্ব দিতে হবে।
০৪। শাখা অফিস বা অন্য কোন নামে সমিতির কোন শাখা পরিচালনা করা সমবায় আইন পরিপন্থি।
০৫। সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সমিতির কার্যক্রম পরিচালনা করতে হবে।
০৬। ক্ষুদ্রঋণ কার্যক্রম কমিয়ে উৎপাদনমুখী কার্যক্রম বৃদ্ধির লক্ষে উন্নয়ন প্রকল্প বাড়াতে হবে।
০৭। অভ্যন্তরীন অডিট দল গঠন করে সমিতির অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম জোরদার করতে হবে।
০৮। জঙ্গী অর্থায়ন ও ম্যানি লন্ডারিং কার্যক্রমে সমিতির অর্থ কোনভাবেই ব্যবহার করা যাবে না।
০৯। সমিতির নামে একটি ওয়েবসাইড খোলে সমিতির সকল তথ্য সংশ্লিষ্ট সকলের জন্য প্রাপ্তি সহজ করতে হবে।
১০। সামাজিক দায় বদ্ধতা থেকে এলাকার সামাজিক কার্যক্রমে অংশ গ্রহন করতে হবে।
১১। কু-ঋণ তহবিল সৃষ্টি করতে হবে।
১২। বিধি মোতাবেক যথাসময়ে সমবায় উন্নয়ন তহবিল এবং ধার্যকৃত অডিট ফি পরিশোধ করার জন্য বলা হলো।

স্বাক্ষরিত/-
(খোন্দকার মুনিরুল ইসলাম)
জেলা সমবায় অফিসার
নওগাঁ।

স্মারক নং-৪৭.৬১.৬৪০০.০০০. তারিখঃ / /২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সভাপতি/সম্পাদক, আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, গ্রামঃ ভান্ডারপুর, পোঃ ভান্ডারপুর, উপজেলাঃ বদলগাছী, জেলাঃ নওগাঁ । পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ১৫ দিনের মধ্যে সংশোধনী প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।
২। উপজেলা সমবায় অফিসার,বদলগাছী, নওগাঁ।
৩। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।

জেলা সমবায় অফিসার
নওগাঁ।